

বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি)  
পাংশা সরকারি কলেজ বিএনসিসি প্লাটুন  
পাংশা, রাজবাড়ী।

বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর বা বিএনসিসি হচ্ছে সেনা, নৌ ও বিমান শাখার ক্যাডেটদের সমন্বয়ে গঠিত একটি দ্বিতীয় সারির, আধাসামরিক, স্বেচ্ছাসেবী রিজার্ভ বাহিনী। এটি সামরিক বাহিনীর কর্মকর্তা, জেসিও, এনসিও, বেসামরিক কর্মকর্তা এবং বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়, কলেজ ও বিশ্ববিদ্যালয় ইউনিটের শিক্ষক ও শিক্ষার্থীদের সমন্বয়ে গঠিত। বিএনসিসি'র মূলমন্ত্র হলো "জ্ঞান ও শৃঙ্খলা"।

### ইতিহাস

ব্রিটিশ সরকার ১৯২০ সালে ভারতবর্ষের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে গঠন করেন "ইউনিভার্সিটি কোর।" ১৯২৩ সালে ভারতীয় দেশরক্ষা বাহিনী আইন-১৯২৩ অনুসারে এর নাম পরিবর্তন করে রাখা হয় "ইউনিভার্সিটি ট্রেনিং কোর বা ইউটিসি।" একই সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ইউটিসি চালু করা হয়। ১৯২৭ সালের নভেম্বর মাসে ক্যাপ্টেন ই. গ্রুম ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১৬ জন শিক্ষক ও ১০০ জন ছাত্রকে প্রথম সাহায্যকারী কোরের সামরিক প্রশিক্ষণ দেয়ার ব্যবস্থা করেন। ১৯২৮ সালের জুন মাসে আনুষ্ঠানিকভাবে একে কোম্পানিতে উন্নীত করা হয়। এটি ইউটিসি'র ১২ টি ইউনিটের মধ্যে একটি ছিল। এর নাম দেয়া হয় "১২ ঢাকা কোম্পানি।"

১৯৪২ সালে একে একটি একক কোম্পানিতে উন্নীত করা হয় এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের তৎকালীন উপাচার্য ড.মাহমুদ হাসানকে অবৈতনিক লে.কর্নেল পদবী দিয়ে কোম্পানির ভার দেয়া হয়। ১৯৪৩ সালে এর নাম দেয়া হয় "ইউনিভার্সিটি অফিসার্স ট্রেনিং কোর।" ১৯৪৬ সালে শিলং-এ এর প্রথম বার্ষিক অনুশীলন ক্যাম্প অনুষ্ঠিত হয়।

১৯৫০ সালে ৬২৫ ক্যাডেট এবং ৪০ কর্মকর্তাকে পদোন্নতি দিয়ে একে একটি ব্যাটালিয়নে উন্নীত করা হয়। পাকিস্তান সরকার ১৯৫৩ সালের ৩০শে জানুয়ারি ইউটিসি'র কার্যক্রমকে নিষিদ্ধ করে। কিন্তু ছাত্রবিক্ষোভের পর ১৯৬৬ সালে পুনরায় এর কার্যক্রম শুরু হয়। একই সালে এর নামকরণ করা হয় "পাকিস্তান ক্যাডেট কোর বা পিসিসি" এবং স্কুল-কলেজের ছাত্রদের জন্য "জুনিয়র ক্যাডেট কোর বা জেসিসি" গঠন করা হয়। ১৯৭১ সালে পিসিসি ও জেসিসি'র ক্যাডেটরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন এবং ২২ জন ক্যাডেট শহীদ হন। স্বাধীনতার পর "পাকিস্তান ক্যাডেট কোর" নামটির স্থলে "বাংলাদেশ ক্যাডেট কোর" নামটি প্রতিস্থাপিত হয়। ৩১শে মার্চ, ১৯৭৬ সালে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশ ক্যাডেট কোরের তিনটি পদাতিক ডিভিশন প্রতিষ্ঠা করা হয়। ২৩শে মার্চ, ১৯৭৯ সালে তৎকালীন রাষ্ট্রপতি জিয়াউর রহমান একটি সরকারি আদেশ বিসিসি, জেসিসি কে সংগঠিত করে বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর বা বিএনসিসি প্রতিষ্ঠা করেন।

### উদ্দেশ্য

সৎ, যোগ্য ও দেশপ্রেমিক নাগরিক হিসেবে গড়ে তোলা

## সাংগঠনিক কাঠামো

এই সংগঠন একটি আধা সামরিক স্বেচ্ছাসেবী সংগঠন, যে কোনো ধরনের প্রাকৃতিক দুর্যোগে জনকল্যাণ মূলক কাজ করে থাকে, যেমনঃ বৃক্ষরোপণ, স্বেচ্ছায় রক্ত দান, এছাড়াও যুদ্ধকালীন সময়ে সামরিক বাহিনীকে সাহায্য করে থাকে।

## সেনা উইং / নৌ উইং / বিমান উইং

### • সেনা উইং

সেনা শাখার অধীনে রয়েছে ৫টি রেজিমেন্ট। এগুলো হল:

১. কর্ণফুলী রেজিমেন্ট, চট্টগ্রাম
২. ময়নামতি রেজিমেন্ট, কুমিল্লা
৩. মহাস্থান রেজিমেন্ট, রাজশাহী
৪. সুন্দরবন রেজিমেন্ট, খুলনা
৫. রমনা রেজিমেন্ট, ঢাকা

প্রতিটি রেজিমেন্টের অধীনে রয়েছে ৫টি ব্যাটালিয়ন।

রমনা রেজিমেন্টে, ঢাকা এর ৫টি ব্যাটালিয়ন গুলো হলো:

১. বিএনসিসি ব্যাটালিয়ন
২. বিএনসিসি ব্যাটালিয়ন
৩. বিএনসিসি ব্যাটালিয়ন
৪. বিএনসিসি ব্যাটালিয়ন
৫. বিএনসিসি ব্যাটালিয়ন

প্রতিটি ব্যাটালিয়নের অধীনে ৫টি কোম্পানি রয়েছে। এগুলো হলো:

- A =Alpha
- B =Bravo
- C =Chirle
- D =Delta
- E = Echo

## নৌ উইং

নৌ-শাখার এর ৫টি ব্যাটালিয়ন হলো: ১ , ২ ৩ , ৪ , ৫ অধীনে রয়েছে ৩টি ফ্লোটিলা; এগুলো হলো:

- ঢাকা ফ্লোটিলা
- চট্টগ্রাম ফ্লোটিলা
- খুলনা ফ্লোটিলা

## বিমান উইং

বিমান শাখার অধীনে রয়েছে ৩টি স্কোয়াড্রন। এগুলো হলো:

- ৬ স্কোয়াড্রন, ঢাকা
- ৭ স্কোয়াড্রন, চট্টগ্রাম
- ১০০ স্কোয়াড্রন, যশোর

## সুবিধাবলি

বিএনসিসির মাধ্যমে ছাত্র-ছাত্রীগণ নিজ নিজ রেজিমেন্টের মাধ্যমে বিভিন্ন সেনানিবাসে সামরিক বাহিনীর পরীক্ষায় অংশ নিতে পারেন। তাঁরা সামরিক বাহিনীগুলোর মতো শারীরিক ও মানসিক প্রশিক্ষণপ্রাপ্ত হন। সামরিক বাহিনীগুলোতে যোগ দেওয়ার সময় তাদের প্রিলিমিনারি লিখিত পরীক্ষা দিতে হয়না এবং নির্বাচিত ক্যাডেটরা সরাসরি আইএসএসবি পরীক্ষায় অংশগ্রহণ করে পছন্দের বাহিনীতে যোগদান করতে পারে। তবে অবশ্যই একটি ক্যাম্প করেছেন এমন ক্যাডেটরাই আইএসএসবির জন্য মনোনীত হন। এছাড়াও প্রতিবছর নির্বাচিত বেশ কিছু সংখ্যক ক্যাডেট বিদেশ ভ্রমণের সুযোগ পান যার সম্পূর্ণ খরচ সরকার বহন করে। তা ছাড়া, বাংলাদেশ সিভিল সার্ভিস (বিসিএস) পরীক্ষায় বিএনসিসি কোটা থেকে অতিরিক্ত পাঁচ নম্বর প্রদান করা হয়ে থাকে।

## প্রশিক্ষণ সমূহ

- ড্রিল
- অস্ত্র প্রশিক্ষণ
- মাঠ নৈপুণ্য এবং শারীরিক প্রশিক্ষণ
- সংস্থা
- ক্ষুদ্র ও রণকৌশল
- সামরিক ইতিহাস
- সামরিক বিজ্ঞান
- রীতিবিরুদ্ধ যুদ্ধবিগ্রহ
- ম্যাপ পড়া
- প্রাথমিক চিকিৎসা, স্বাস্থ্যবিধি ও স্যানিটেশন
- কমান্ড এবং নেতৃত্ব

## পদবী

বিএনসিসি ক্যাডেট পদবী।

- ক্যাডেট
- ক্যাডেট ল্যান্স কর্পোরাল
- ক্যাডেট কর্পোরাল
- ক্যাডেট সার্জেন্ট
- ক্যাডেট আন্ডার অফিসার

পাংশা সরকারি কলেজ-এর বিএনসিসি টিমের কার্যক্রম





উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে রিসিভ করছে বিএনসিসি টিম



বিএনসিসি ক্যাডেটদের গার্ড অব অনার



২১ শে ফেব্রুয়ারী-২০২৫ এ শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পন